# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

বাংলাদেশ।

স্মারক নং: জাতীঃ বিঃ/পনিঃ/অনার্স-৩য় বর্ষ/২০২৩/১৯৩৫ তারিখ ঃ ০৮/০৪/২০২৫ খ্রিঃ

## ২০২৩ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড, মুদ্রণ ও বিতরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষা আগামী ২৪/০৪/২০২৫ তারিখ দুপুর ০১:০০ টা হতে অনুষ্ঠিত হবে। এ পরীক্ষা Examination Management System (EMS) Software-এর মাধ্যমে গ্রহণ করা হবে। উক্ত পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের ডিজিটাল স্বাক্ষরসহ ১৩/০৪/২০২৫ তারিখ রাত ০৮:০০টায় প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকল কলেজ কর্তৃপক্ষ প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে অধ্যক্ষ মহোদয়ের সীলসহ স্বাক্ষর প্রদান করে পরীক্ষার্থীদের নিকট বিতরণ করবেন। প্রবেশপত্র বিতরণের সময় অবশ্যই প্রবেশপত্রের ছবির সাথে পরীক্ষার্থীর চেহারা মিলিয়ে নিতে হবে এবং রেজিস্ট্রেশন ও রোল নম্বর সঠিক আছে কিনা যাচাই করে প্রবেশপত্র বিতরণের ব্যবস্থা নিতে হবে।

উল্লেখ্য যে, কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়া না গেলে বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল দৃষ্টিগোচর হলে ১৭/০৪/২০২৫ তারিখের মধ্যে অধ্যক্ষ মহোদয়ের সুপারিশসহ পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।

বিঃ দ্রঃ রোল বিবরণী ও হাজিরা সীট Examination Management System (EMS) Software-এর কলেজ প্যানেল থেকে ডাউনলোড করে প্রিন্ট কপি নির্ধারিত কেন্দ্রে সরবরাহের ব্যবস্থা নিতে হবে।

প্রবেশপত্র ডাউনলোড করার লিংক ঃ

১. যে কোন ব্রাউজারের এড্রেসবারে http://ems.nu.ac.bd/ টাইপ করে Examination Management System (EMS) Software-এর ওয়েবপোর্টালে প্রবেশ করতে হবে।
২. হোম পেইজের "College login (Admin)" মেনুতে ক্লিক করে কলেজ কোড (xxxx) এবং পাসওয়ার্ড (xxxxxx) দিয়ে প্রবেশ করতে হবে।
৩. কলেজ প্যানেলের বাম পাশের মেনুবার থেকে "Admit Card" মেনুতে ক্লিক করে "Select Exam" এ পরীক্ষার নাম বা কোড (2203-Honours 3rd Year-2023) লিখে "Search" বাটনে ক্লিক করলে "Admit Card By Subject" টেবিলে প্রবেশপত্র, হাজিরা সীট, রোল বিবরণী সীট পাওয়া যাবে এবং ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
৪. তাছাড়া কলেজ ইউজারের প্যানেল থেকেও বিষয়ওয়ারী প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

প্রবেশপত্র ডাউনলোড করতে সমস্যা হলে নিম্নলিখিত ব্যক্তিদ্বয়ের সাথে যোগাযোগ করতে হবে।

১। জনাব এস এম তানভীর সিদ্দিকী-০১৭০৩-৭২৫৮১৮
২। জনাব মোঃ মেহেদী হাসান-০১৬৭৬-২২৭০১৯
৩। জনাব মোক্তাদিরুল ইসলাম-০১৬০৯-৬০৫৪৯৪

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন নং ০২-৯৯৬৬৯১৫১৭
মেইল ঃ controller@nu.ac.bd